ব্যাক-টু-স্কুল প্রাথমিক বিষয়সমূহ

নতুন স্কুল বছর শুরু করা একটি উদ্দীপনাপূর্ণ সময়। আপনার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতির খোঁজ-খবর রাখতে নিচে মূল পরিসেবা এবং বিভিন্ন উপায়ের একটি সার-সংক্ষেপ দেয়া হলো।

ভর্তি

আপনি যদি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে নতুন হন, আপনি আপনার জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল্ স্কুলে রেজিস্টার করতে পারেন। আপনার জোনভুক্ত স্কুল খুঁজে নিতে, **schools.nyc.gov** ঠিকানায় স্কুল সার্চ উপকরণটি ব্যবহার অথবা 311 নম্বরে ফোন করুন।

আপনার যদি কোন জোনভুক্ত স্কুল না থাকে, আপনাকে অবশ্যই কোন স্টুডেন্ট রেজিস্ট্রেশন সেন্টারে যেতে হবে। সকল হাই স্কুল শিক্ষার্থীকে অবশ্যই কোন স্টুডেন্ট রেজিস্ট্রেশন সেন্টারে গিয়ে রেজিস্টার করতে হবে। আপনার বাড়ির কাছের কোন সেন্টার খুঁজতে এবং রেজিস্ট্রেশনের জন্য কী ধরনের কাগজপত্র আবশ্যক তা জানতে, 311 নম্বরে ফোন অথবা **nyc.gov/schools/newstudents** ঠিকানায় যান।

অধিবেশনের সময়

যেসব পরিবার নতুন বছরে স্কুলে ফিরে আসছে তাদের স্কুল শুরু এবং শেষের সময় যাচাই করে নেয়া উচিত। কিছু স্কুল, বছরব্যাপী আরও দৃঢ় পরিবার সংশ্লিষ্টতা এবং কর্মীদের পেশাগত উন্নয়ন বৃদ্ধি করতে তাদের অধিবেশনের সময়ে পরিবর্তন আনতে পারে। অধিবেশনের সময় সম্পর্কিত তথ্যের জন্য আমাদের স্কুলে যোগাযোগ করুন অথবা **schools.nyc.gov/backtoschool** সাইট দেখুন।

পরিবহন ব্যবস্থা

কে-২ গ্রেডের সাধারণ শিক্ষার শিক্ষার্থী, যারা তাদের স্কুল থেকে আধা মাইল অথবা তার বেশি দুরত্বে থাকে, এবং ৩-৬ গ্রেডের সাধারণ শিক্ষার শিক্ষার্থী যারা তাদের স্কুল থেকে এক মাইল অথবা তার অধিক দূরত্বে বাস করে তারা ইয়েলো বাস পরিসেবা অথবা পূর্ণ-ভাড়ার মেট্রোকার্ড লাভের যোগ্য। ৭-১২ গ্রেডের সাধারণ শিক্ষার শিক্ষার্থী যারা তাদের স্কুলের দেড় মাইল অথবা তার অধিক দূরত্বে বসবাস করে তারা পূর্ণ-ভাড়ার মেট্রোকার্ড পাবার যোগ্য। আপনার সন্তানের ব্যক্তিক শিক্ষা কর্মসূচিতে যদি বাধ্যতামূলক ইয়েলো বাস পরিসেবা থাকে, তাহলে সেপ্টেম্বরের প্রথম দিকে অফিস অব পিউপিল ট্র্যান্সপোর্টেশন থেকে আপনি পরিবহন সম্পর্কিত তথ্য পাবেন।

আপনার সন্তানের পরিবহন ব্যবস্থা পরিবর্তন করতে, আপনার স্কুলে যোগাযোগ করে পরিবহন কোঅর্ডিনেটরকে জিজ্ঞেস করুন। আপনার সন্তান যদি এইসব কর্মসূচির যোগ্য হয় কিন্তু আপনি কোন চিঠি না পান, তাহলে অফিস অব পিউপিল ট্যান্সপোর্টেশনের 718-392-8855 নম্বরে ফোন করুন। আরও তথ্যের জন্য **schools.nyc.gov/Offices/Transportation/ServicesandEligibility** সাইট দেখুন।

প্যারেন্ট কোঅর্ডিনেটর

আপনার যোগাযোগের প্রধান ব্যক্তিটি হবেন প্যারেন্ট কোর্ডিনেটর। প্যারেন্ট কোঅর্ডিনেটরের দায়িত্ব পরিবারসমূহের বিভিন্ন সমস্যা শনাক্তকরণ এবং সেগুলি সময়মতো সমাধান নিশ্চিত করতে স্কুল এবং কম্যুনিটি লিডারদের সাথে কাজ করা। আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের যোগাযোগের তথ্য খুঁজে নিতে **schools.nyc.gov/SchoolSearch** সাইট দেখুন, স্কুলে ফোন অথবা স্কুল সার্চ উপকরণটি ব্যবহার করুন।

স্কুল খাবার

আমাদের স্কুলগুলো প্রতিদিন স্বাস্থ্যসম্মত, পুষ্টিকর খাবার প্রদান করে। সকল শিক্ষার্থী স্কুলে ফ্রি-তে ব্রেকফাস্ট পেতে পারে। অনেকে বিনামূল্যে লাঞ্চও পাবার যোগ্য, যা নির্ভর করে বাড়ির আয়ের উপর। আপনার সন্তান যোগ্য কিনা তা জানতে **ApplyForLunch.com**. সাইটে স্কুল খাবারের আবেদনের ফরমটি পূরণ করুন। এই ফরমটি বছরের শুরুতে বাড়িতে পাঠানো হয়। এটি পূরণ করলে আপনার সন্তানের স্কুলের স্টেটের অর্থায়ন লাভের জন্য সহায়ক হবে।

স্পেশাল এডুকেশন

যদি ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি) নাও থাকে, তবুও প্রতিবন্ধী শিক্ষার্থীদের সেইসব একই স্কুলে ভর্তি হবার যোগ্যতা আছে যেখানে তারা পড়তে আগ্রহী। ফেডারেল আইনের নিশ্চিয়তা অনুযায়ী আইইপিযুক্ত শিক্ষার্থীদেরকে সাধারণ শিক্ষার পাঠ্যক্রমে সর্বোচ্চ সুযোগ প্রদান করা হয় এবং যেসব শিক্ষার্থী প্রতিবন্ধী নয় তাদের সাথে, যতটা বেশি সম্ভব(যাকে ন্যূনতম বিধি-নিষেধযুক্ত পরিবেশও বলা হয়) প্রতিবন্ধীদেরকে পড়ানো হয়। জাতীয় গবেষণায় দেখা যায় যে, সকল শিক্ষার্থীকে যখন একসাথে শিক্ষাদান করা হয়, তখন প্রতিবন্ধী শিক্ষার্থীরা কলেজ এবং পেশাজীবনের জন্য প্রস্তুত হয়ে আরও বেশি গ্রাজুয়েট হয়। যত বেশি সময় দিয়ে সকল শিক্ষার্থীকে একসাথে শিক্ষাদান করা যায়, অপ্রতিবন্ধী শিক্ষার্থীরা তত বেশি সাফল্য অর্জন করে থাকে। বিশেষ শিক্ষা সম্পর্কিত আরও তথ্যের জন্য, আপনার সন্তানের প্রিন্সিপ্যাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটর সাথে কথা বলুন অথবা **schools.nyc.gov/Academics/SpecialEducation** দেখুন।

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

যা প্রত্যেক পিতামাতার জানা উচিত

ব্যাক-টু-স্কুল প্রাথমিক বিষয়সমূহ

অনুবাদ এবং দোভাষ পরিসেবা

আমরা আপনার ভাষায় ফ্রি-তে দোভাষ এবং অনুবাদ পরিসেবা প্রদান করি। আপনার যদি সহায়তার প্রয়োজন থাকে, আপনার স্কুলের প্রিন্সিপ্যাল, প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা ভাষা সুবিধার কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আপনার ভাষায় সাধারণ তথ্যের জন্য **schools.nyc.gov/Bengali** সাইট দেখুন।

অনুবাদ এবং দোভাষ ইউনিট

নিউ ইয়র্ক সিটিতে, সকল ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইএলএল)-যাদের দেশীয় ভাষা ইংরেজি নয় এবং যাদেরকে ইংরেজি ভাষা শিক্ষার চাহিদা আছে বলে শনাক্ত করা হয়েছে - তাদের কঠোর কমন কোর-সমন্বিত শিক্ষার সুযোগ প্রদান করে কলেজ এবং পেশাজীবনের জন্য প্রস্তুত করা হবে। ইএলএল পরিবারগুলো তিনটি কর্মসূচির যেকোন একটি বেছে নিতে পারে: দ্বৈত ভাষা, উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা, এবং দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি(ইএসএল)। আরও তথ্যের জন্য, ইংরেজি ভাষা শিক্ষার্থীদের সাইট **schools.nyc.gov/Academics/ELL/FamilyResources** দেখুন, 212-374-6072 নম্বরে ইএলএল অফিসে ফোন অথবা oell@schools.nyc.gov. ঠিকানায় ইমেইল করুন।

শারীরিক এবং স্বাস্থ্য শিক্ষা

প্রতিবছর কে-১২ গ্রেডের শিক্ষার্থীদের জন্য শারীরিক এবং স্বাস্থ্য শিক্ষা বাধ্যতামূলক। প্রি-কে-তে, শিক্ষার্থীদের প্রতিদিন খেলাধুলার সুযোগ রয়েছে। প্রত্যেক বছর, কে-১২ গ্রেডের শিক্ষার্থীরা এনওয়াইসি ফিটনেসগ্রাম রিপোর্ট পায় যেখানে কীভাবে সক্রিয় এবং স্বাস্থ্যবান থাকা যায় সেবিষয়ের পরামর্শ অন্তর্ভুক্ত থাকে। স্কুলের আগে, স্কুল চলাকালে, এবং স্কুল ছুটির পর বিভিন্ন ধরনের ফিটনেট কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হতে স্কুলগুলো সুযোগ প্রদান করে।

স্বাস্থ্য শিক্ষা যার অন্তর্ভুক্ত পুষ্টি, সুরক্ষা, এবং নিজের যত্ন নেয়া - সেসব এলিমেন্টারি গ্রেডেও সম্পৃক্ত করা হয়। দৈনন্দিন স্বাস্থ্য শিক্ষার একটি সেমেস্টার যার অন্তর্ভুক্ত যৌন স্বাস্থ্য বিষয়ের শিক্ষা - সেটি মিডল্ এবং হাই স্কুল- উভয় স্তরেই বাধ্যতামূলক। যৌন স্বাস্থ্য শিক্ষার জন্য যখন শিক্ষার্থীদেরকে সময়সূচি দেয়া হয় তখন স্কুল তাদের পিতামাতাদেরকে অবহিত করে। স্কুলগুলোর জন্য প্রত্যেক শিক্ষার্থীকে এইচআইভি/এআইডিএস শিক্ষা বিষয়ের বার্ষিক, বয়স-উপযুক্ত শিক্ষা প্রদানও বাধ্যতামূলক। শারীরিক এবং স্বাস্থ্য শিক্ষা সহায়তায় লভ্য যেসব কর্মসূচি রয়েছে সেগুলি সম্পর্কে জানতে অথবা আপনার সন্তানের স্কুলের সুস্বাস্থ্যের প্রচেষ্টায় সহায়তা প্রদানে **schools.nyc.gov/Wellness** সাইট দেখুন।

স্বাস্থ্য পরিচর্যা

অধিকাংশ এলিমেন্টারি স্কুলে স্বাস্থ্য সমস্যা মূল্যায়নের জন্য অথবা শিক্ষার্থীদেরকে ওষুধ খাওয়ানোয় সহায়তা দিতে নার্স রয়েছে। আপনার সন্তানকে যদি স্কুলে ওষুধ খেতে হয়, তাহলে স্কুলে লভ্য মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফরমটি পূরণ করুন অথবা **schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms** সাইট দেখুন। স্বাস্থ্য বিমা অথবা অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন শিক্ষার্থীদের জন্য কী কী স্বাস্থ্য পরিসেবা রয়েছে তা জানতে আপনার স্কুল গাইডেন্স কাউন্সেলর, সমাজ কর্মী, অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিজ্ঞেস করুন।

অস্থায়ী আবাসিকস্থলের শিক্ষার্থীদের জন্য

আপনার সন্তানের যদি কোন স্থায়ী বাসস্থান নাও থাকে, তবুও সে ভর্তি, পরিবহন ব্যবস্থা, স্কুল সাপ্লাই, এবং আরও অনেক সহায়তা লাভের যোগ্য। তথ্যের জন্য, 311 নম্বরে ফোন করুন এবং স্টুডেন্টস্ ইন টেম্পোরারি হাউসিং লিঁয়াজোর কথা জিজ্ঞেস করুন অথবা **schools.nyc.gov/StudentSupport/NonAcademicSupport/StudentsinTemporaryHousing** সাইট দেখুন।

আপনার সন্তানের অগ্রগতির খোঁজ রাখা

আপনার সন্তানের শিক্ষা সম্পর্কিত খোঁজ রাখার সবচেয়ে সহজ উপায় তার স্কুলের সাথে সংশ্লিষ্ট থাকা। আপনার সন্তানের শিক্ষকের কাছে নিয়মিত খোঁজ নিন, প্যারেন্ট-টিচার কনফারেন্সে যোগ দিন, স্কুল অনুষ্ঠানগুলোতে স্বেচ্ছাকর্ম করুন, অথবা প্যারেন্ট অ্যাসোসিয়েশনে অংশ নিন।

আপনি আপনার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতি সম্পর্কিত তথ্য **ARISparentlink.org** সাইটেও পেতে পারেন। লগ অন করতে, আপনার ইমেইল ঠিকানা, আপনার সন্তানের আইডি নম্বর, এবং একটি অস্থায়ী পাসওয়ার্ডের প্রয়োজন পড়বে। আপনার অস্থায়ী পাসওয়ার্ডের জন্য, অনুগ্রহ করে আপনার আইডি সঙ্গে আনুন এবং আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা ফ্যামিলি লিঁয়াজোর সাথে দেখা করুন। ওয়েবসাইট: **schools.nyc.gov/accountability/resources/aris** দেখুন।

আরও তথ্যের জন্য :

- সিটির স্কুল সম্পর্কিত সর্বশেষ সংবাদ জানতে, **schools.nyc.gov** দেখুন।
- নিচের ঠিকানা **schools.nyc.gov/Subscribe** - তে সাইন আপ করে আপনি নিয়মিত সতর্ক বার্তা পেতে পারেন।
- আপনার যদি স্কুল-সম্পর্কিত বাড়তি কোন প্রশ্ন থাকে, 311 নম্বরে ফোন করুন।
- **facebook** /nycschools অথবা **twitter**/nycschools

T&I 21451 (Bengali)

NYC Department of Education

schools.nyc.gov/ParentsFamilies/BacktoSchool